গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮- ৩০ জুন ২০১৯

## সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন -১: রূপকল্প , অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী | ৫ |
| সেকশন-২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬-৮ |
| সংযোজনী-১: শব্দ সংক্ষেপ | ১০ |
| সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১১-১২ |
| সংযোজনী-৩ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৩ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ এর মধ্যে ২০১৮ সালের মে মাসের ৩১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

**এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:**

## কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Rajshahi Division, Department of Agricultural Marketing)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

- **সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহ**

কৃষি পণ্যের বাজার তথ্য প্রকাশ ও কৃষি ব্যবস্থার উন্নয়ন কৃষি বিপণন অধিদপ্তরের অন্যতম প্রধান কাজ। এই দপ্তরের রাজশাহী বিভাগ কর্তৃক ওয়েবসাইটের (ইন্টারনেট) মাধ্যমে বাজার তথ্য সংগ্রহ ও প্রচার কার্যক্রম ০৮টি জেলায় সম্প্রসারণ করা হয়েছে। কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষে ইতোপূর্বে নির্মিত ০৮টি পাইকারী বাজার, ২৮টি গ্রোয়ার্স মার্কেটে আধুনিক সুযোগসুবিধা নিশ্চিত করা হয়েছে। ইতোমধ্যে ২৩০টি ফার্মার্স মার্কেটিং গ্রুপ গঠন, ১৪০ জনকে মোটিভেশনাল ট্যুর প্রদান এবং সর্বমোট ৫৯৭০ জন কৃষাণ/কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। শস্য গুদাম ঋণ কার্যক্রমের অধীনে ০৫টি জেলায় বিদ্যমান ১১টি গুদামের মাধ্যমে ২৭৩৪ জন কৃষকের ৩০৪৭ মে: টন শস্য সংরক্ষণ এর বিপরীতে মোট ২.৯০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ০৩টি কুল চেম্বার সম্পূর্ণভাবে চালুকরণসহ এগুলোর মাধ্যমে প্রয়োজনীয় বিপণন সেবা প্রদান অব্যাহত রয়েছে।

- **বিদ্যমান সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

উপযুক্ত জনবলের অভাবে বিপণন সংশ্লিষ্ট অগ্র ও পশ্চাদ সংযোগ, মূল্য সংযোজন, সাপ্লাই এচইনসহ দল ও চুক্তি ভিত্তিক বিপণন যোগসূত্র স্থাপন কার্যক্রম ব্যহত হচ্ছে। অনুমোদিত নিয়োগবিধি না থাকায় শূন্য পদে নিয়োগ কার্যক্রম বন্ধ থাকায় দেশব্যাপী বিপণন কার্যক্রম পরিচালনা করার জন্য প্রয়োজনীয় জনবলের অভাবে জেলা পর্যায়ে মাত্র ২-৩ জন জনবল দ্বারা বিপণন কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। আধুনিক ও যুগোপযোগী বিপণন সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় লজিষ্টিকস্ যেমন: নিজস্ব অফিস ভবন, প্রশিক্ষণ কেন্দ্র, যানবাহন, প্রয়োজনীয় সরঞ্জাম, প্রশিক্ষিত জনবল ইত্যাদি'র প্রয়োজন।

- **ভবিষ্যত কর্মপরিকল্পনা**

কৃষি উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কৃষির বাণিজ্যিকরণ, কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্পের প্রসার এবং কৃষি পণ্য রপ্তানী বৃদ্ধি পেয়েছে। সুষ্ঠু ও আধুনিক বিপণন ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে কৃষিপণ্যের হাট বাজারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখা এবং গুরুত্বপূর্ণ হাট-বাজার উৎপাদন এলাকায় আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ করা। আমদানী ও রপ্তানী বিষয়ে হালনাগাদ তথ্য উপাত্ত সংগ্রহ এবং অধিক মুনাফা রোধকল্পে আমদানীকারক পাইকারী ও খুচরা ব্যবসায়ীদের সর্বোচ্চ মুনাফা অর্জনের পরিমাণ নির্ধারণ এবং কৃষিপণ্যের ভ্যালু চেইন ও সাপ্লাই চেইন উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন। কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিশেষ করে গৃহ পর্যায়ে এবং ক্ষুদ্র উদ্যোক্ত পর্যায়ে প্রক্রিয়াজাতকরণ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ঋণ সুবিধা প্রদান, পণ্য বিপণনে সহায়তার নিমিত্ত ব্র্যান্ডিং, মোড়কীকরণ, সার্টিফিকেশন ইত্যাদি সুবিধা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান এবং যে কয়েকটি এনসিডিপি মার্কেট বন্ধ হয়ে আছে তা চালুকরণ।

- **২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

১. বাজার তথ্য বিষয়ে ৪৫০টি বুলেটিন এবং ৪৯০টি প্রতিবেদন প্রকাশ;
২. ৮৩৫ জন কৃষক ও ১০০ জন প্রক্রিয়াজাতকারীকে প্রশিক্ষণ প্রদান:
৩. ৮০টি কৃষক বিপণন দল গঠন, ১০০ জন কৃষি ব্যবসায়ী ও ১২০ জন কৃষি ব্যবসায়ী উদ্যোক্তাকে বাজার সংযোগ সুবিধা প্রদান;
৪. বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ (সংশোধিত ১৯৮৫) এর যথাযথ প্রয়োগ;
৫. আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির ১৬ টি সভা অনুষ্ঠিত হবে;
৬. ৬০০ জন শগঋক সুবিধাভোগী কৃষকের ৬০০ মে: টনশস্য জমার বিপরীতে ১.৩০ কোটি টাকা ঋণ বিতরণ।

## সেকশন-১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

### ১.১ রূপকল্প:

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য:

আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরূপন, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার।

### ১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ:

#### ১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য :

১. কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন ব্যবস্থার উন্নয়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ :

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;

### ১.৪ কার্যাবলি:

১. কৃষিপণ্যের বাজার তথ্য, গবেষণা, মার্কেট রেগুলেশন ও বাজার সম্প্রসারণ;
২. বিপণন ব্যবস্থাপনার উন্নয়ন ও কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা ও ভোক্তাসেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন;
৩. গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনা ও পূর্বাভাস প্রদান এবং প্রধান প্রধান ফসলের সরকার কর্তৃক ন্যূনতম সংগ্রহ মূল্য নির্ধারণে সহায়তা প্রদান;
৪. কৃষিপণ্যের বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৫. আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণের মাধ্যমে দক্ষ বিপণন ব্যবস্থা গড়ে তোলা;
৬. ব্যবসায়ী ও পরিবহন সংস্থার সহায়তায় উৎপাদন এলাকা হতে ঘাটতি এলাকায় দ্রুত পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
৭. "কৃষিপণ্য মূল্য উপদেষ্টা কমিটি" এর মাধ্যমে কৃষিপণ্যের নূন্যতমমূল্য নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান এবং
৮. বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা।

সেকশন-২

কৃষি বিপণন অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য এবং অগ্রাধিকার এর আলোকে রাজশাহী বিভাগের কার্যক্রম, সম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | কলাম-৭ | | | | | কলাম-৮ | কলাম-৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weights of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক ( Unit) | কর্মসম্পাদন সূচকের মান ((Weights of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY ২০১৮-১৯) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **(ক) কৃষি বিপণন অধিদপ্তরের ম্যান্ডেটেড কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১। কৃষি পণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন ব্যবস্থার উন্নয়ন | ৮০ | ১.১ কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ (১০) | ১.১.১ প্রকাশিত বুলেটিন | সংখ্যা | ০৫ | ২৬৪ | ৪১৬ | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪০০ | ৪৮০ | ৫০০ |
| | | | ১.১.২ প্রকাশিত প্রতিবেদন | সংখ্যা | ০৫ | ২৮৮ | ৪৮০ | ৪৯০ | ৪৮০ | ৪৭০ | ৪৬০ | ৪৪০ | ৫০০ | ৫২০ |
| | | ১.২ বাজার উন্নয়নে সহায়তা প্রদান (৩০) | ১.২.১ গঠিত কৃষক বিপণন দল | সংখ্যা | ১০ | ৭৫ | ৮০ | ৮৫ | ৮০ | ৭০ | ৭৫ | ৭০ | ৯০ | ১০০ |
| | | | ১.২.৩আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির সভা | সংখ্যা | ০৫ | ১২ | ১৬ | ১৬ | ১৫ | ১৪ | ১২ | ১০ | ২০ | ২৪ |
| | | | ১.২.৪ ইস্যুকৃত নতুন লাইসেন্স | সংখ্যা | ০৫ | ৩৫৫ | ৩৬০ | ৩৮০ | ৩৭৫ | ৩৭০ | ৩৬০ | ৩৫০ | ৩৯০ | ৪০০ |
| | | | ১.২.৫ নবায়নকৃত লাইসেন্সের হার | % | ০৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | ১.২.৬ জমাকৃত ননট্যাক্স রাজস্ব | লক্ষ টাকা | ০৫ | ১৮.৫ | ১৯.৫ | ২০ | ১৯.৫ | ১৯.৩ | ১৯.১ | ১৮.৮ | ২০.২ | ২১.০ |
| | | ১.৩ উপযুক্ত মূল্য প্রাপ্তিতে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান (৩০) | ১.৩.১ প্রশিক্ষিত কৃষক ও কৃষি ব্যবসায়ী | সংখ্যা | ০৫ | ৪০০ | ৫০০ | ৫২৫ | ৪৯৫ | ৪৮৫ | ৪৭০ | ৪৬৫ | ৫৪০ | ৫৫০ |
| | | | ১.৩.২ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষক | সংখ্যা | ০৫ | ৫০ | ৬০ | ৬৫ | ৫৫ | ৪৪ | ৩৩ | ২২ | ৭০ | ৮০ |
| | | | ১.৩.৩ শগঋকভূক্ত প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ০৩ | ২৭০ | ৩০০ | ৩১০ | ৩০০ | ২৮৫ | ২৭৪ | ২৬২ | ৩২০ | ৩৩০ |
| | | | ১.৩.৪ শগঋক সুবিধাপ্রাপ্ত কৃষক | সংখ্যা | ০৫ | ১৫৫০ | ৬০০ | ৬০০ | ৫৯০ | ৫৮০ | ৫৭০ | ৫৬০ | ৬২০ | ৬৩০ |
| | | | ১.৩.৫ জমাকৃত শস্যের পরিমান | সংখ্যা | ০৩ | ১৫৫০ | ৬০০ | ৬৫০ | ৬৩০ | ৬২০ | ৬০০ | ৫৮০ | ৬৬০ | ৬৭০ |
| | | | ১.৩.৬জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ | কোটি টাকা | ০৩ | ১.০০ | ১.৩ | ১.৩ | ১.২ | ১.১ | ১.০৫ | ১.০০ | ১.৪ | ১.৫ |
| | | | ১.৩.৭ আদায়কৃত ঋণের হার | % | ০৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ১.৪ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগে উৎসাহিত করা (১০) | ১.৪.১ প্রযুক্তি ও কারিগরি সহায়তাপ্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৩ | ১১২ | ১২০ | ১২৫ | ১২০ | ১১০ | ১০৫ | ১০০ | ১৪০ | ১৫০ |
| | | | ১.৪.২ প্রশিক্ষিত কৃষি প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৪ | ৮০ | ১০০ | ১১০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮০ | ১২০ | ১৩০ |
| | | | ১.৪.৩ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষি ব্যবসায় উদ্যোক্তা | সংখ্যা | ০৩ | ১১২ | ১২০ | ১২৫ | ১২০ | ১১০ | ১০৫ | ১০০ | ১৪০ | ১৫০ |
| | | | ১.৪.৪ প্রদানকৃত উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণকারী | সংখ্যা | ১ | - | - | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১১০ | ১২০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান: ২০১৮-১৯ (Target Value: 2018-19) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে(Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| **(খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭–১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই ২০১৮ | ২৯ জুলাই ২০১৮ | ৩০ জুলাই ২০১৮ | ৩১ জুলাই ২০১৮ | ০১ আগস্ট ২০১৮ |
| | | ২০১৮–১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মুল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি ২০১৯ | ১৬ জানুয়ারি ২০১৯ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মনোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলিং নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প(এসআইসি)বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ০৭ জানুয়ারি ২০১৯ | ১৪ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২৮ জানুয়ারি ২০১৯ |
| | | সিটিজেন চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরীবিক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ৩১ জানুয়ারি ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার বাবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর দুইমাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিচারএল ও ছুটি নগদায়ন জারী নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান: ২০১৮-১৯ (Target Value: 2018-19) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে(Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডশীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট অপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | – | – | – |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | % | ৪ | ৩ | - | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১০০ | ৯০ | ৮০ | - | - | - |

আমি, উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

উপপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী

তারিখ: ৩১.০৫.১৮

মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর

তারিখ: ৩১.০৫.১৮

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ০১। | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ০২। | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ০৩। | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউট |
| ০৪। | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ০৫। | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ০৬। | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ০৭। | এফএমজি | ফার্মার্স মার্কেটিং গ্রুপ |
| ০৮। | এলজিইডি | লোকাল গর্ভমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |

সংযোজনী ২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | | [১.১.১] প্রকাশিত বুলেটিন | জেলা অফিস কর্তৃক তুলনামূলক বুলেটিন (৫৬X৮=৪৫০টি) প্রকাশ করা। | কৃষি বিপণন অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় ও জেলা অফিস সমুহ। | প্রকাশিত বুলেটিন এর সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| ০২। | কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | [১.১.২] প্রকাশিত প্রতিবেদন | জেলা অফিস কর্তৃক প্রকাশিত মাসিক ভিত্তিক বিভিন্ন প্রকারের প্রতিবেদন (৬১X৮=৪৯০টি) প্রকাশ করা। | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রকাশিত প্রতিবেদন এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| ০৩। | | [১.২.১] গঠিত কৃষক বিপণন দল | দলগতভাবে বিপণন কার্যক্রম চালানোর জন্য নির্দিষ্ট সংখ্যক কৃষকদের নিয়ে দল গঠন করা। | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | গঠিত কৃষক বিপণন দলের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ০৪। | | [১.২.২] বন্ধ বাজার চালুকৃত | সুষ্ঠু বিপণন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে অধিদপ্তরের আওতাধীন এনসিডিপিপাবার বন্ধ বাজারে উপযুক্ত / সংখ্যক ক্রেতা ও বিক্রেতাগনের সমাগম সৃষ্টি করা। | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | চালুকৃত বন্ধ বাজারের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ০৫। | বাজার উন্নয়নে সহায়তা প্রদান | [১.২.৩] আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির সভা | বাজার নিয়ন্ত্রন আইনের আলোকে সংশ্লিষ্ট জেলায় বাজার উপদেষ্টা কমিটির সভা আহবান। | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | অনুষ্ঠিত সভার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ০৬। | | [১.২.৪] ইস্যুকৃত নুতন লাইসেন্স | বাজার নিয়ন্ত্রন আইনের অধীনে নুতন লাইসেন্স ইস্যু করা। | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | ইস্যুকৃত নুতন লাইসেন্স সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ০৭। | | [১.২.৫] নবায়নকৃত লাইসেন্সের (বিদ্যমান) হার | বাজার নিয়ন্ত্রন আইনের অধীনে বিদ্যমান লাইসেন্স নবায়ন করা। | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বিদ্যমান লাইসেন্স নবায়নের হার এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ০৮। | | [১.২.৬] জমাকৃত নন-ট্যাক্স রাজস্ব | ইস্যুকৃত নুতন লাইসেন্স ও নবায়নকৃত চলমান লাইসেন্সের ফি বাবদ আদায়কৃত নন-ট্যাক্স রাজস্ব সরকারী কোষাগারে জমাদান। | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সরকারী কোষাগারে জমাকৃত নন-ট্যাক্স রাজস্বের পরিমান এবং বিভাগ কর্তৃক প্রতিবেদন। | |
| ০৯। | উপযুক্ত মূল্য প্রাপ্তিতে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষন গ্রহনকারী কৃষকের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রতিবেদন। | |
| ১০। | | [১.৩.২] বাজার সংযোগ সুবিধা প্রাপ্ত কৃষক | জেলা অফিস কর্তৃক কৃষকদের বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান (৮X৮=৬৫ জন) | বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষকের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ১১। | | [১.৩.৩] শগঋকভূক্ত প্রশিক্ষিত কৃষক | শগঋকভূক্ত কৃষক গ্রপের দলনেতাকে প্রশিক্ষনমোটিভেশন / প্রদান করা। | বিভাগীয় ও আঞ্চলিক অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষণ প্রাপ্ত গ্রুপ দলনেতার সংখ্যা এবং বিভাগ প্রতিবেদন। | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১২। | উপযুক্ত মূল্য প্রাপ্তিতে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান | [১.৩.৪] শগঋক সুবিধাপ্রাপ্ত কৃষক | শগঋকের আওতায় গ্রুপভূক্ত কৃষক সদস্যদের ঋণ/শস্য সংরক্ষন সুবিধা প্রদান করা। | বিভাগীয় ও আঞ্চলিক অফিস , কৃষি বিপণন অধিদপ্তর | সুবিধাপ্রাপ্ত কৃষকের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ১৩। | | [১.৩.৫] জমাকৃত শস্যের পরিমান | শগঋকের আওতায় গ্রুপভূক্ত কৃষক সদস্যদের শস্য গুদামে সংরক্ষন/ জমা রাখা। | বিভাগীয় ও আঞ্চলিক অফিস , কৃষি বিপণন অধিদপ্তর | জমাকৃত শস্যের পরিমান এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ১৪। | | [১.৩.৬] জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ | শগঋকের আওতায় গ্রুপভূক্ত সদস্যদের গুদামে জমাকৃত শস্যের বিপরীতে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক কর্তৃক ঋণ প্রদান করা। | বিভাগীয় ও আঞ্চলিক অফিস , কৃষি বিপণন অধিদপ্তর | বিতরণকৃত ঋণের পরিমান এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ১৫। | | [১.৩.৭] আদায়কৃত ঋণের হার | শগঋকের আওতায় গ্রুপভূক্ত সদস্যদের জমাকৃত শস্যের বিপরীতে বিতরণকৃত ঋণ আদায় করা। | বিভাগীয় ও আঞ্চলিক অফিস , কৃষি বিপণন অধিদপ্তর | বিতরণকৃত ঋণ আদায়ের হার এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ১৬। | কৃষি পণ্য ব্যবসায় বিনিয়োগ উৎসায়িত করা | [১.৪.১] প্রযুক্তি ও কারিগরী সহায়তাপ্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | জেলা অফিস কর্তৃক কৃষি প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তাকে প্রযুক্তি ও কারিগরী বিষয়ে সহায়তা প্রদান (১৫X ৮=১২০ জন) | বিভাগীয় ও জেলা অফিস , কৃষি বিপণন অধিদপ্তর | সহায়তা প্রাপ্ত প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ১৭। | | [১.৪.২] প্রশিক্ষিত কৃষি প্রক্রিয়াজাতকারী | কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রক্রিয়াজাতকারীগনকে প্রশিক্ষণ প্রদান করা (১২X ৮=১০০ জন) | বিভাগীয় ও জেলা অফিস , কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষন গ্রহনকারী কৃষি প্রক্রিয়াজাতকারীর সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |
| ১৮। | | [১.৪.৩] বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষি ব্যবসায় উদ্যোক্তা | জেলা অফিস কর্তৃক কৃষি ব্যবসায় উদ্যোক্তাকে বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান (১৫X ৮=১২০ জন) | বিভাগীয় ও জেলা অফিস , কৃষি বিপণন অধিদপ্তর | বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত উদ্যোক্তার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | |

## সংযোজনী ৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) | বিপণন ব্যবস্থার উন্নয়নে প্রশিক্ষণ ও দলগঠন | প্রশিক্ষিত কৃষক ও কৃষি ব্যবসায়ী | কৃষক প্রশিক্ষণ ও বিপণন দল গঠনে সহায়তা প্রদান | কৃষি বিপণন অধিদপ্তরের উপজেলা পর্যায়ে জনবল কাঠামো না থাকায় সূচকদ্বয় বাস্তবায়নে ডিএই এর সহায়তার প্রয়োজন | কৃষক প্রশিক্ষণ ও বিপণন দল গঠন কার্যক্রম ব্যাহত হবে |
| | | গঠিত কৃষক বিপণন দল | | | |
| স্থানীয় প্রশাসন | | ইস্যুকৃত লাইসেন্স | লাইসেন্স ইস্যুকরণে সহায়তা প্রদান | লাইসেন্স কার্যক্রম অব্যাহত রাখতে মোবাইল কোর্ট পরিচালনা করা | রাজস্ব আয় হ্রাস পাবে |
| | | আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির সভা | জেলা প্রশাসক এর সভাপতিত্বে বাজার উপদেষ্টা কমিটির সভা আহ্বান | জেলা প্রশাসক বাজার উপদেষ্টা কমিটির সভাপতি | জেলা তথা সমগ্র দেশের কৃষিপণ্যের বাজার পরিস্থিতির উপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হবে |